

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৩২

২৭/ আদব

পরিচ্ছেদঃ রাস্তার আদব

আরবী

عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ عَلَيْ النَّبِيِّ عَلَى إِيَّاكُمْ وَالْجُلُوسَ فِي الطُّرُقَاتِ قَالُوا يَا رَسُوْلُ اللهِ عَلَيْ فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ الْمَجْلِسَ اللهِ مَا لَنَا بُدُّ مِنْ مَجَالِسِنَا نَتَحَدَّثُ فِيهَا قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ الْمَجْلِسَ فَأَعْطُوا الطَّرِيقَ حَقَّهُ قَالُوا وَمَا حَقُّهُ قَالَ غَضُّ الْبَصَرِ وَكَفُّ الأَذَى وَرَدُّ السَّلاَمِ وَالأَمْرُ بِالْمَعْرُوفِ وَالنَّهْى عَنِ الْمُنْكَرِ

বাংলা

(৩২৩২) আবৃ সাঈদ খুদরী (রাঃ) প্রমুখাৎ বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা রাস্তার উপর বসা থেকে দূরে থাক। তা শুনে লোকেরা বলল, 'হে আল্লাহর রসূল! কিন্তু রাস্তায় না বসলে তো উপায় নেই। যেহেতু আমরা সেখানে কথাবার্তা বলে থাকি।' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা না বসতে যদি অস্বীকারই কর, তাহলে রাস্তার হক আদায় কর। লোকেরা বলল, 'রাস্তার হক কী?' তিনি বললেন, চক্ষু অবনত রাখা, কষ্টদান থেকে বিরত থাকা, সালামের জবাব দেওয়া, (উত্তম কথা বলা, পথভ্রষ্টকে পথ বলে দেওয়া) এবং ভালো কাজের আদেশ দেওয়া ও মন্দ কাজে বাধা দান করা।

ফুটনোট

(বুখারী ২৪৬৫, মুসলিম ৫৬৮৫ প্রমুখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন